B.P.FORM NO. 27

RANIBANDH POLICE STATION * DIST.-BANKURA

# FIRST INFORMATION REPORT

4169

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C., at P.S.

Dist. BANKURA Sub-Divn. KHATRA P.S. RANIBANDH Year 2024 FIR No. 02/24 Date 01/01/24

(i) Act IPC Sections 447/188/323/506/34 (ii) Act Sections α

(iii) Act Sections Other Acts & Sections 24 MAINTENANCE AND WELFARE OF PARENTS AND SENIOR CITIZEN ACT-2007

(a) General Diary Reference : Entry No. 04 DATE 01.01.2024 Time 00.35 HRS

(b) Occurrence of Offence : Day SUNDAY Date 26/11/2023 Time NOT NOTED

(c) Information Received Date 01.01.2024 Time 00.35 HRS

G.D. No. 04 At the Police Station:

Type of information : Written / Oral TYPED WRITTEN

Place of Occurrence : (a) Direction and Distances from P.S. NORTH EAST SIDE FROM P.S APPROX- 05 KM

(a) Address THE HOUSE AND LAND OF THE COMPLAINT AT VILL- RAJAKATA, DIST- BANKURA, P.S- RANIBANDH, MOUZA- RAJAKATA, JL NO- 111 LR- KHATIAN NO- 1687 DAG NO- 2332/2489 BASTU 4 TARA, TOTAL AREA- 1ACRE 87DECS IN WHICH 19½ DECS

(b) In case outside limit of this Police Station, then the name of P.S. G.P. IV (RAJAKATA)

District

. Complaint/Informant :

(a) Name ASHOKE KUMAR MANDAL

(b) Father's / Husband's Name LATE SUDHIR CHANDRA MANDAL

(c) Date / Year of Birth NOT NOTED

(d) Nationality INDIAN

(e) Address VILL- RAJAKATA, PO+PS- RANIBANDH, DIST- BANKURA

. Details of Know / Suspected / Unknown / Accused with full particulars. (Attach separate sheet, if necessary) ① SRI MANAS MANDAL ② SRI MANOJ MANDAL BOTH S/O- ASHOK MANDAL of VILL- RAJAKATA, PO+PS- RANIBANDH DIST- BANKURA

. Reasons for delay in reporting by complaint / informant

. Particulars of properties stolen / Involved : (attach separate sheet, if required) : α

10. Total value of Properties stolen / Involved : α

11. Inquest report / U.D. : Case No., If any :

12. FIR Contents : (Attach separate sheet, if required) THE ORIGINAL TYPED WRITTEN COMPLAINT WHICH HAS BEEN TREATED AS FIR IS ATTACHED ON THE OVERLEAF

13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 447/188/323/506/34 IPC AND 24 MAINTENANCE AND WELFARE OF PARENTS AND SENIOR CITIZEN ACT-2007

registered the case and ~~took up the investigation /~~ directed TO S.I PUSPENDU SAREN OF RANIBANDH P.S DIST- BANKURA to take up the investigation transferred to P.S. On point of jurisdiction. FIR read over to the complaint/ informant admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

Inspector-in-Charge Ranibandh P S Bankura

অশোককুমার মণ্ডল

Signature/ Thumb Impression of the Complainant/ Informant

Subhasis Panda 01/01/24

Signature of the officer-incharge, Police Station with

Name : SUBHASIS PANDA

Rank : ASI OF POLICE RANIBANDH P.S

Number if any : DIST- BANKURA

To,
The Respected I.C. Ranibandh Police Station

মাননীয় মহাশয়,

আমার নিম্নস্বাক্ষর কারির বিনীত নিবেদন এই যে, Case No T.S-134/2022, Ld. Civil Judge (J.D.) 2nd Court khatra গত ইং ১০.০৮.২০২৩ তারিখ, (১) শ্রী মানস মন্ডল (২) শ্রী মনোজ মন্ডল উভয়ের পিতা অশোক মন্ডল, সাং-রাজাকাটা, পোঃ + থানাঃ- রাঁনীবাঁধ, জেলা বাঁকুড়ার বিরুদ্ধে, নিম্নের তপশীল বর্নিত সম্পত্তি বিষয়ে injunction আদেশ প্রদান করিয়াছেন।নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি মধ্যে আমার বাস্তু বাড়ি আছে।উপরের ব্যাক্তিগনের অত্যাচারে আমাকে এই বৃদ্ধ অবস্থায় অসুস্থ শরীর লইয়া বেশির ভাগ সময়ে, আমার স্ত্রীকে লইয়া বাড়ি ভাড়া নিয়ে দিন যাপন করিতে হয়। ঐ বাস্তু বাড়িতে আমার আসবাবপত্র, রান্নার জিনিস পত্র ইত্যাদি থাকা স্বত্বেও, অত্যন্ত কষ্টের মধ্যে অন্যের বাড়িতে আশ্রয় নিতে হয়েছে।আমি আমার স্ত্রী অনেকবার সেখানে গিয়ে থাকার চেষ্টা করেছি।কিন্তু দুই-একদিন অতিবাহিত হলেই আমাদের মারধোর ও প্রাননাশের হুমকী দিয়ে তাড়িয়ে দিচ্ছে।গত ইং ২৬.১১.২০২৩ তারিখ সেখানে গেলে আমাদের তাড়া করে নিয়ে আসে ও মারধোরের হুমকী দেয়,উপরন্তে তথায় বেআইনি নির্মান কার্যর প্রচার চালাইতেছে।

আমি সংশ্লিষ্ট আদালতে C.P.C ১৫১ ধারায় বিহিত প্রতিকার প্রার্থনায় করিলে মহামান্য আদালত গত ইং ৩০.১১.২০২৩ তারিখ পুনঃরায় এক মূল্যবান আদেশ প্রদান করিয়াছেন। মহাশয়ের নিকট তাই প্রার্থনা, আদালতের নির্দেশ মোতাবেক, তথায় তাহারা যাহাতে আমাদের শান্তিপূর্ন দখলে কোনরুপ বাধা তৈয়ারী করিতে না পারে তাহার ব্যাবস্থা গ্রহনে মর্জ্জি হউন।অত্র সহ আদালতের আদেশের কপি দাখিল করিলাম।

তপশীল সম্পত্তির বিবরনঃ-

জেলা বাঁকুড়া, মহকুমা খাতড়া অত্র আদালতের এলেকাধীন থানা রাঁনীবাঁধ সামীল, জে.এল নং ১১১, মৌজা রাজাকাটা, এল.আর খতিয়ান নং ১৬৮৭, দাগ নং $\frac{2322}{2469}$, (দুই হাজার তিনশত বাইশ দাগের বাটা দুই হাজার চারশত উনোসত্তর, শ্রেনী তড়া বর্তমানে বাস্তু, পরিমান মোট ১ একর ৮৭ শতক তন্মধ্যে $19\frac{1}{2}$ শতক, (উনিশ পূর্ন একের দুই শতক), যাহার চিহ্নিত চৌহদ্দী উত্তরেঃ- ডুংরী, দক্ষিনেঃ- ২৪১৬ দাগের তড়া ভূমী, পূর্বেঃ- বিশ্বনাথ মন্ডলের তড়াভূমী, ও পশ্চিমেঃ- দাতাগনের তড়া ভুমী, অর্থাৎ সুরেশ চৌধুরী ও পরেশ চৌধুরীর তড়া ভূমী।

Received on -01/01/2024 at 00:35 hrs and Started Ranibandh PS Case No-02/24 dt. 01/01/24 u/s 447/188/323/506/34 IPC & 24 Maintenance and Welfare of parents and Senior citizen Act-2007

Subham Pande
Inspector-in-Charge
Ranibandh P S
Bankura
01/01/24

9967069259

ইতি
বিনীত

অশোক কুমার মন্ডল
পিতা ৺ সুধীর চন্দ্র মন্ডল
গ্রাম রাজাকাটা
থানা রানীবাঁধ
জেলা বাঁকুড়া

Petn NO. ... dt. 16-09-2023

~~Govt.~~ Fees for Sheets — Rs. 4.00

Authentication fee _____ Rs. 4.00

In the court of Ld. Civil Judge (Jr. Divn) 2nd Court Khatra, Bankura

District : Bankura

Present : Pratibha Laxmi
Civil Judge (Jr. Divn) 2nd Court

Case No- TS-134/2022

Sri Ashoke Kumar Mandal

—vs—

Sri Manas Mandal

| | |
|---|---|
| Date of application for the copy. | : 16-09-23 |
| Date fixed for notifying the requisites. | : 09-10-23 |
| Date of delivery of requisites. | : 12-10-23 |
| Date on which the copy was ready for delivery | : 12-10-23 |
| Date of making over the copy to the applicant | : 12-10-23 |
| Total cost of the copy | : Rs. 18.00 |
| Total no. of sheets used | : 03 sheets |

Court of the Civil Judge (J.D.) FILED 12 OCT 2023 Khatra, Bankura

33/32 34/32

Total cost of the copy Rs. 18.00

COMPARED BY
Shubhasish Majumdar
12.10.23
COMPARING CLERK

Certified to be true copy
Ujjwal Praharaj
Certifying Officer 12.10.23
Civil Judge's Court, Khatra
Authorised U/S 76 of ...

T.S. 134 of 2022
CNR no. WBBKOC-000178-2022

Order no. 09
Date: 10.08.2023

Today is fixed for hearing of the temporary injunction application.

Plaintiff has filed hazira and is present for conducting the hearing on the temporary injunction application.

The suit is running exparte against principal defendant no. 1 & 2.

Ld. Counsel for the proforma defendant no. 8 has appeared today by filing memo of appearance. Let it be kept with the record.

The petition is taken up for hearing on exparte.

Heard Ld. Advocate for the plaintiff who submitted that the 'kha' schedule property within the 'ka' schedule property which is the suit plot which originally belonged to one Mohantalal Chowdhury. That Mohantalal Chowdhury died leaving behind his two sons namely Suresh Chowdhury and Paresh Chowdhury. Upon the death of Mohantalal Chowdhury his shares devolved upon his two sons, Suresh Chowdhury and Paresh Chowdhury. That Suresh Chowdhury and Paresh Chowdhury sold the 'kha' schdule property vide a registered sale deed being no. 142 of 2009 to Ashok Kumar Mondal who is the plaintiff in the instant suit. Accordingly the LR record of rights no. 1687 was prepared in the name of the plaintiff.

The plaintiff has been in possession of the suit plot by constructing house, cultivating in some portion and the remaining portion of the suit plot being vacant. The are of the suit property is 19.05 decimals to which the principal defendants are completely strangers. In fact, the defendants are strangers to the entire 'Ka' schedule property. The cause of action arose on 07.12.2022 when the principal defendants threatened to dispossess the plaintiff from the suit property and tried to make construction therein. Ld. Counsel further submits that the plaintiff is a senior citizen and if dispossess will face great hardship.

Hence the case.

I have gone through the instant application supported by an affidavit, documents filed by the plaintiff and the materials available on record and prima facie find that the sale deed no. 142 of 2009 shows that the suit property was sold to the plaintiff. The LR ROR no. 1687 also lies in the name of the plaintiff with respect to 19 decimals in the suit plot. It shows that the plaintiff has a prima facie case in the instant suit against the principal defendants. The balance of convenience also appears to tilt in favour of the plaintiff.

*Contd....*

Contd...Order no. 09
Date: 10.08.2023

Further the plaintiff might face irreparable loss and injury if dispossessed which might lead to unnecessary harassment and anxiety at this old age.

As observed in the case of *Gujarat Bottling Co. Vs Coca cola Ltd*, the three main ingredients for granting an order of temporary injunction are prima facie case, balance of convenience and inconvenience and irreparable loss and injury in favour of the plaintiffs. In the instant case the prima facie case has already been established in favour of the plaintiffs.

At this stage what is relevant is that the plaintiff has been in continuous possession peacefully and the documents lie in his favour with respect to the suit plot supporting his claim.

The plaintiff if dispossessed from the suit land, might cause an irreparable loss and injury as the sale deeds are long standing thereby giving a title to the plaintiff.

In this backdrop this Court is of opinion to pass an order of injunction against the principal defendant no. 1 & 2.

Hence it is,

ORDERED

That the principal defendant no.1 & 2 are hereby restrained from dispossessing the plaintiffs from the suit plot ('Kha' schedule property) situated within the 'Ka' schedule property and are also restrained from causing any destruction or construction in the schedule property, or to change the nature and character of the suit property in any manner till any further orders of this Court.

**Thus the application for injunction is considered and allowed.**

**This order shall remain absolute till any further orders of this Court.**

**The petition is hereby disposed of accordingly.**

Fix 02.09.2023 for exparte hearing.

Civil Judge (Jr. Divn.) 2nd Court, Khatra
J.O -WB01510

Civil Judge Junior Division
2nd Court, Khatra

Petn No.  dt.

Govt. Fees for Sheets — Rs.

Authentication fee ___ Rs.

In the court of Civil Judge (Jr. Divn.) ... Khatra, Bankura

District : Bankura

Present : ...

Case No-

Sri Ashok Kumar Mandal

— vs —

Sri Manas Mandal & others

| | |
|---|---|
| Date of application for the copy. | : 16-12-23 |
| Date fixed for notifying the requisites. | : 20-12-23 |
| Date of delivery of requisites. | : 20-12-23 |
| Date on which the copy was ready for delivery | : 20-12-23 |
| Date of making over the copy to the applicant | : 20-12-23 |
| Total cost of the copy | : Rs 18-00 |
| Total no. of sheets used | : 02 sheets |

Court of the Civil Judge ... Khatra — FILED

COMPARED BY

Certified to be true copy

Sk. Abdul Mannan

Certifying Officer 20/12/2023

Civil Judge's Court, Khatra

Authorised U/S. 76 of Act I of 1872

T.S. 134 of 2022
CNR No. WBBKOC-000178-2022

Order no. 12
Date 30.11.2023

Today is fixed for exparte hearing.

Plaintiff is present and has filed a time petition.

Defendant has filed hazira which is misconceived, as the suit is running exparte agaisnt the defendants.

Plaintiff has also filed a petition under Section 151 CPC for police protection in respect of the injunction order dated 10.08.2023.

Ld. Advocate for the plaintiff submits that despite an injuncito order agaisnt the defendants, the defendants are still trying to disturb the possession of plaintiff and not complying with the said injunctionorder.

It is stated in the application that an order of temporary injunction was passed by this Court vide order no. 9 dated 10.08.2023 in favour of the plaintiff. In spite of the said order dated 10.08.2023 the defendants are still trying to grab the property of the plaintiff by disobeying the said order.

Thus defendants have flouted the order of this Court.

Hence plaintiff has this application thereby praying for police protection.

Heard the submissions. Perused the petition.

The suit is running exparte agaisnt the defendasnt since the onset.

On perusal of the application I am of the view that when an allegation is raised by the plaintiff, it is a duty of the Court to supervise whether the injunction order has been violated by the defendants or not. This Court has no other alternative way but to direct the police to see that the order of injunction to be implemented properly. The same shall not in any way hamper the interests of the parties.

Hence, it is,

ORDERED

that the application under Section 151 CPC for police protection dated 30.11.2023 is considered and allowed without contest.

The officer- in- charge of Ranibandh P.S. is directed to render necessary police help for implementation of the order of injunction passed by this Court vide order no. 9 dated 10.08.2023 and also to send a report before this Court in this regard.

**Mark a copy of this order to the officer- in- charge of Ranibandh P.S. for necessary action.**

Thus the petition is disposed of.

To 11.01.2024 Report from concerned P.S. and examination of PW (on exparte).

Civil Judge (Jr. Divn.) 2nd Court, Khatra
J.O -WB01510
Civil Judge Junior Division
2nd Court, Khtara

O.C

In the Court of Ld. Civil Jidge (J.D) 2nd court khatra
Case no T.S /2022

বাদীগন বনাম বিবাদীগন

১) শ্রী অশোক কুমার মন্ডল
পিতা॰ সুধীর চন্দ্র মন্ডল
সাংঃ-রাজাকাটা
পোঃ+ থানাঃ- রাঁনীবাঁধ
জেলাঃ-বাঁকুড়া, বয়স- ৫৮ বৎসর
পিন নংঃ-

১) শ্রী মানস মন্ডল
২) শ্রী মনোজ মন্ডল
উভয়ের পিতা শ্রী অশোক কুমার মন্ডল
উভয়ের সাংঃ-রাজাকাটা
পোঃ+ থানাঃ- রাঁনীবাঁধ
জেলাঃ-বাঁকুড়া

মুল বিবাদী গন

৩) শ্রী সুরেশ চৌধুরী
পিতা॰ মহন্তলাল চৌধুরী
৪) শ্রীমত্যা অলকা চৌধুরী
স্বামী॰ পরেশ চৌধুরী
৫) শ্রী বিলু চৌধুরী
পিতা॰ পরেশ চৌধুরী
সর্বসাংঃ-রাজাকাটা,পোঃ-রাঁনীবাঁধ
থানাঃ- রাঁনীবাঁধ,জেলাঃ-বাঁকুড়া
৬) পারুল বালা মন্ডল
স্বামী- বিশ্বনাথ মন্ডল
সাংঃ-রাজাকাটা,পোঃ-রাঁনীবাঁধ
থানাঃ- রাঁনীবাঁধ,জেলাঃ-বাঁকুড়া
৭) The State Of West Bengal
পক্ষে কালেক্টার বাহাদুর বাঁকুড়া
At +P.O+P.S-Bankura
Dist-Bankura
৮) B.L & L.R.O Ranibandh
At+P.O+P.S-Ranibandh
District-Bankura

মোকাবিলাবাদি বিবাদীগন

বাদী পক্ষে দাবী ৪৯ টাকা বাবদ, স্বত্বসাব্যস্ত ঘোষনা ও প্রচার পূর্বক ১ ও ২ নং মূল বিবাদীদের বিরুদ্ধে চিরস্থায়ী নিষেধাজ্ঞার আদেশর প্রার্থনায় আবেদন।

বাদী নিবেদন করেন যেঃ-

১) জেলা বাঁকুড়া, থানা রাঁনীবাঁধ সামীল নিম্নক্ত (ক) অর্ন্তগত (খ) তপশীল বর্নিত সম্পত্তি বাদীর রেজিষ্ট্রিকৃত কোবালা দলিল মূলে ক্ষরিদা খাস রায়তী স্বত্বদখলীয় সম্পত্তি বটে।তাহাতে বাদী বাস্তুবাড়ি নির্মান মতে উঠান ও কতকাংশে বৃক্ষ লাগাইয়া, সব্জি চাষাবাদ মতে খাসে দখলকার আছেন।বাদীর শিলীং বহিভূত কোন জমিজমা নাই।
২) জেলা বাঁকুড়া, থানা রাঁনীবাঁধ সামীল নিম্নের (ক) তপশীল বর্নিত সম্পত্তি পূর্বত জৈনক্য মহন্তলাল চৌধুরী অর্থাৎ ৩ নাং ৫ নং মোকাবিলার বিবাদীগনের পূর্বাধিকারির খাস রায়তী স্বত্বদখলীয় সম্পত্তির অর্ন্তগত ছিল।তদুনুযায়ী সি.এস জরীপে তাঁহার নামিত চুড়ান্ত স্বত্বলীপি প্রস্তুত হয় ও প্রচারিত হয়।
৩) প্রশ্চাৎ উক্ত মহন্তলাল চৌধুরী (ক) তপশীল বর্নিত সম্পত্তিতে দখলকার থাকা অবস্থায় পরলোক গমন করিলে তাঁহার স্বত্বাংশ তাঁহার দুই ওয়ারীশ পুত্র সুরেশ চৌধুরী ও পরেশ চৌধুরী তুল্যাংশে ১/২ অংশ প্রাপ্ত হয়েন, তদুনুযায়ী তাঁহাদের নামিত বিগত আর.এস জরীপ প্রস্তুত হইয়া চুড়ান্ত প্রচারিত হয়। প্রশ্চাৎ উপরিক্ত পরেশ চৌধুরী পরলোক গমন করিলে তাঁহার স্বত্বাংশ তাঁহার ওয়ারীশ বিধবা পত্নি শ্রীমত্যা অলকা চৌধুরী ও একমাত্র পুত্র শ্রী বিলু চৌধুরী প্রাপ্ত হয়েন।তাঁহারা বর্তমান মকদ্দমার ৩ নাং ৫ নং মোকাবিলার বিবাদীগন হইতেছেন।
৪) উপরিক্ত সুরেশ চৌধুরী ও পরেশ চৌধুরী (ক) তপশীলে দখলীকার থাকা অবস্থায়, উক্ত সম্পত্তি মধ্যে ৪৩ শতক পরিমান সম্পত্তি বিক্রয় করিবার নিমিত্ত ঘোষনা করিলে জৈনক্য পারুলবালা মন্ডল তাঁহার ক্ষরিদ করিতে সম্মত হয়েন, এবং তাঁহারা রেজিষ্ট্রিকৃত কোবালা দলিল মূলে, তাঁহাকে তাহা হস্তান্তর পূর্বক দখল ছাড়িয়া দেন।তিনি বর্তমান মকদ্দমার ৬ নং মোকাবিলার বিবাদী বটেন, এল.আর ১৬২৯ নং খতিয়ানে তাঁহার নামিত স্বত্বলীপি প্রস্তুত হইয়া চুড়ান্তভাবে প্রকাশিত হয়।

ভাবে আঘাত করিবার হুমকী প্রদান পূর্বক, তাহাদের উচিত শিক্ষা দেওয়া হইবেক মর্ম্মে প্রচার কার্য্য চালাইতেছে, মূল বিবাদীগনের এইরুপ কার্যের ফলে বাদীর নালিশী ভূমীতে স্বত্বদখলে ছায়াপাত ঘটিয়াছে।উক্ত ছায়া অপসারনার্থে বাদীর এই নালিশ।

সেমতে নালিশের কারনঃ

৮) অত্র আদালতের এলেকাধীন জেলা বাঁকুড়া, থানা রাণীবাঁধ সামীল ১১১ নং জে.এল ভুক্ত, রাজাকাটা মৌজা মধ্যে অবস্থিত, অত্র আবেদন পত্রে প্রকাশিত মত (ক) তপশীলের অর্ন্তগত নালিশি (খ) তপশীল বর্নিত সম্পত্তি বিষয়ে, বাদীকে মূল বিবাদীগন জোর পূর্বক বেদখল করিবেন মর্ম্মে গত ইং ০৭.১২.২০২২, বাংলার ২০ শে অগ্রহায়ন ১৪২৯ তারিখ হুমকী প্রর্দশন করায়, উক্ত তারিখ হইতে নালিশের কারন ক্রমশ উদ্ভব হইয়াছে।

৯) ৩ নাং ৬ নং মোকাবিলার বিবাদিগন (ক) তপশীল বর্নিত সম্পত্তির স্বত্বাধিকার ব্যাক্তি হওয়াই তাঁহারা স্বার্থ সংশ্লীষ্ট ব্যাক্তি হওয়াই ভবিষ্যত আপত্তি খন্ডনার্থে তাহাদের ৩ নাং ৬ নং মোকাবিলার বিবাদীতে শ্রেনীভুক্ত করা হইল।পরন্তু ভবিষ্যত আপত্তি খন্ডনার্থে পঃবঃ সরকার পক্ষে কালেক্টার বাহাদুর বাঁকুড়া, ও স্থানীয় B.L & L.R.O Ranibandh মহাশয়কে যথাক্রমে ৭ নাং ৮ নং মোকাবিলার বিবাদীতে শ্রেনীভুক্ত করা হইল।তাহাদেরএ বিরুদ্ধে কোন প্রকার প্রতিকার প্রার্থনা না থাকার কারনে তাহাদের বিরুদ্ধে দেঃ কাঃ আইনের ৮০ ধারা মোতাবেক নোটিশ প্রদানের আবশ্যকতা না থাকায় নোটিশ প্রদান করা হইল না।

১০) আদালতের এলেকা ও Court fees নির্ধারনের জন্য নিম্নের Valutation Statement অনুযায়ী মকদ্দমার মূল্য নির্ধারিত হইল ও Court fees প্রদত্ত হইল।

১১) এমতে প্রার্থনাঃ-

আর্জির বিবরন ও হেতু মূলে প্রার্থনা এই যেঃ-

(ক) নিম্ন (ক) তপশীল অর্ন্তগত নালিশী (খ) তপশীল বর্নিত সম্পত্তি বিষয়ে বাদীর একত্রে ষোলআনা সম্পত্তি বিষয়ে যাবতীয় স্বত্ব সাব্যস্ত ও প্রচার করিতে মর্জ্জি হয় এবং মূল বিবাদীগন বা তাহাদের পক্ষে অপর কেহ, কোনক্রমে যাহাতে বাদীগনকে বেদখল করিতে না পারেন, তন্মর্ম্মে চিরস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ প্রদানে মর্জ্জি হউন।

৫) প্রশ্চাৎ (ক) তপশিলে উক্ত সুরেশ চৌধুরী ও পরেশ চৌধুরী তাঁহাদের অংশের কাত সম্পত্তি হইতে 19 1/2 শতক পরিমান সম্পত্তি তাঁহারা অন্যত্র লাভ জনক সম্পত্তি ক্ষরিদের কারনে ,বিক্রয় করিবার নিমিত্ত ঘোষনা করিলে, বর্তমান বাদী তাহা ক্ষরিদ করিতে সম্মত হইলে, তাঁহারা বাদী নিকট উচিত মূল্য গ্রহন পূর্বক, গত ইং ২০০৯ সালের ৩০ শে জানুয়ারী, বাংলার ১৪১৫ সালের ১৬ ই মাঘ এ.ডি.এস.আর খাতড়া সাবরেজিষ্ট্রি অফিসে I-14৪ /09 নাম্বার রেজিষ্ট্রিকৃত খোস কোবালা দলিল মূলে হস্তান্তর পূর্বক দখল ছাড়িয়া দেন।উক্ত সম্পত্তি (ক) অর্ন্তগত নালিশী (খ) তপশীলে বর্ননা করা হইলো।

৬) তদুনুযায়ি উক্ত নালিশি (খ) তপশীল বর্নিত সম্পত্তিতে বাদী তথায় পাকা গৃহনির্মান, যাহাতে ৬ টি রুম আছে ও উঠান প্রস্তুত মতে ও কতকাংশে স্বজনে, পেপে, কলা ইত্যাদি ফলবান বৃক্ষ লাগাইয়া ও ভেন্ডী ও বেগুন সব্জী চাযাবাদ করিয়া খাসে দখল ভোগ করিয়া আসিতেছেন।উক্ত প্রকার সম্পত্তি বিষয়ে বাদী পঞ্চায়েতে যথাযথ কর আদায় দেন এবং ইলেকট্রিক মিটারও তাঁহার নামে আছে।তদুনুযায়ী উক্ত পরকার সম্পত্তি বাদীর নামিত হাল এল.আর মাপের ১৬৮৭ নং খতিয়ানে স্বত্বলীপি প্রস্তুত মতে চূড়ান্ত ভাবে প্রকাশিত হইয়াছে।

৭) নালিশি (খ) তপশীল বর্নিত সম্পত্তি বিষয়ে মূল বিবাদীগনের কোন প্রকার স্বত্বদখল অধিকার নাই বা থাকিতে পারে না।উক্ত প্রকার সম্পত্তি বিষয়ে তাঁহারা সম্পূর্নরুপে নিঃস্বত্ববান ও দখলহীন ও Stranger Person হইতেছেন।তথাপি শুধুমাত্র অন্যায় লোভের বর্শবর্তি হইয়া গায়ের জোরে তথা হইতে বাদীকে বেদখলের কূউদ্দেশ্যে বাস্তুচ্যুত করার অন্যায় মতলবে তথায় বাদীকে বেদখলের উদ্দেশ্যে, কতকাংশ ভূমীতে পাকা Construction করার কূউদ্দেশ্যে, বাদীর স্বত্বদখল অস্বীকার মতে বাদীর শান্তিপূর্ন দখলে বাধা প্রদান পূর্বক, যে কোন মূল্যে বাস্তুচ্যুত করিবেক মর্ম্মে হুমকীও প্রচার কার্য চালাইয়া (ক) তপশীল অর্ন্তগত নালিশী (খ) তপশীল বর্নিত সম্পত্তি মধ্যে ভীত খনন করিয়া লইতে ও বাদীকে বাস্তুচ্যুত করিবার নিমিত্ত গত ইং ০৭.১২.২০২২, বাংলার ২০ শে অগ্রহায়ন ১৪২৯ তারিখ হইতে উদ্যেত হইয়াছে।বাদী শান্তিপূর্ন উপাইয়ে বিবাদীগনের উক্তরুপ বেআইনি কার্য্যে বাধা ও আপত্তি করিতে গেলে তাহাতে তাহারা কোনরুপ কর্নপাত নাকরিয়া, উপরন্তে বাদী ও তাঁর স্ত্রীকে শারীরিক

(খ) নিম্নের (ক) তপশীল অর্ন্তগত (খ) তপশীল বর্নিত সম্পত্তি বিষয়ে মূল বিবাদীগন সম্পূর্ন রুপে নিঃস্বত্ত্ববান ব্যাক্তি থাকা সাব্বস্ত্য ও প্রচার পূর্বক বাদীগনকে ডিক্রি দিতে মর্জ্জি হয়।

(গ) মকদ্দমার খরচা মায় সুদ সহ মূল বিবাদীগনের বিরুদ্ধে বাদীগনকে ডিক্রি দিতে মর্জ্জি হয়।

(ঘ) Law & Eqity মূলে বাদীযাহতে অন্যান্য বৈধ ও নায্য প্রতিকার পাইতে পারেন তাহারও বিহিত আদেশ প্রদানে মর্জ্জি হয়।

Valutation Statement ঃ- আদালতের এলেকা ও কোর্ট ফিঃ নির্ধারনের জন্য বাদি স্বত্ব-সাবস্ত্য ও প্রচার পূর্বক ও অন্যান্য প্রতিকার প্রার্থনায় বর্তমান মকদ্দমা আনয়ন করায় প্রার্থিত প্রতিকার সম্বন্ধে কোনরুপ Objective standard না থাকায়, দাবি ৪৯ টাকা ধৃত মতে তদুপরি ad-Voleorem Court fees প্রদান করা হইল।

তপশীল সম্পত্তির বিবরনঃ-

**(ক) তপশীল সম্পত্তির বিবরনঃ-** জেলা বাঁকুড়া, অত্র আদালতের এলেকাধীন থানা রাঁনীবাঁধ সামীল, জে.এল.নং ১১১, মৌজা রাজাকাটা, দাগ নং ২৩২২/২৪৬৯, পরিমান ষোল আনা অংশে মোট ১ একর ৮৭ শতক।

**(ক) তপশীল অর্ন্তগত নালিশী (খ) তপশীল সম্পত্তির বিবরনঃ-** জেলা বাঁকুড়া, মহকুমা খাতড়া অত্র আদালতের এলেকাধীন থানা রাঁনীবাঁধ সামীল, জে.এল নং ১১১, মৌজা রাজাকাটা, এল.আর খতিয়ান নং ১৬৮৭, দাগ নং $\frac{2322}{2469}$, (দুই হাজার তিনশত বাইশ দাগের বাটা দুই হাজার চারশত উনোসত্তর, শ্রেনী তড়া বর্তমানে বাস্তু, পরিমান মোট ১ একর ৮৭ শতক তন্মধ্যে $19\frac{1}{2}$ শতক, (উনিশ পূর্ন একের দুই শতক), যাহার চিহ্নিত চৌহদ্দী উত্তরেঃ- ডুংরী, দক্ষিনেঃ- ২৪১৬ দাগের তড়া ভূমী, পূর্বেঃ- বিশ্বনাথ মন্ডলের তড়াভূমী, ও পশ্চিমেঃ- দাতাগনের তড়া ভুমী, অর্থাৎ সুরেশ চৌধুরী ও পরেশ চৌধূরীর তড়া ভূমী।

সত্য পাঠঃ-

দরখাস্তর বিবরন সমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য, কোন কথা মিথ্যা বলি নাই, কোন কথা গোপন করি নাই।

এফিডেবিট

আমি শ্রী অশোক কুমার মন্ডল, পিতা সুধীর চন্দ্র মন্ডল , বয়স ৫৮ বৎসর, পেশা-চাষাদি, জাতি-হিন্দু, সাং- রাজাকাটা পোঃ- রাঁনীবাঁধ, থানা-রাঁনীবাঁধ ,জেলা-বাঁকুড়া।

ধমর্ত প্রতিজ্ঞা পূর্বক কহিতেছি যে অত্র দরখাস্তর লিখিত বিবরন সমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য কোন কথা মিথ্যা বলি নাই,কোন কথা গোপন করি নাই। দরখাস্তর বিবরন সমূহ জ্ঞাত থাকিয়া অদ্য কাছারি মোকামে নিজনাম স্বাক্ষর করিলাম।

ইতি
বিনীত

In the Court of Ld.Civil Judge(J.D) 2nd Court Khatra

Case No T.S - /2022

বাদী বনাম বিবাদীগন

১) অশোক কুমার মন্ডল ১) শ্রী মানস মন্ডল দীং

বাদীপক্ষে C.P.C order 39 Rule 1,2,& 151 ধারা মতে ১ নাং ২ নং মূল বিবাদীগনের বিরুদ্ধে নিম্নের (ক) অর্ন্তগত নালিশী (খ) তপশীল বর্নিত সম্পত্তি বিষয়ে, Temporary Injunction এর আদেশ প্রার্থনায় ও Temporary Injunctionদরখাস্তর শুনানী না হওয়ার কালতক ad-interim injunction এর আদেশের প্রার্থনায় দরখাস্ত।

বাদী নিম্নরুপ নিবেদন এই যেঃ-

১) জেলা বাঁকুড়া থানা রাঁনীবাঁধ সামীল অত্র নং মকদ্দমার (ক) তপশীল অর্ন্তগত নালিশী (খ) তপশীল বর্নিত সম্পত্তি বিষয়ে বাদী, মূল বিবাদীগনের বিরুদ্ধে স্বত্ব-সাব্যস্ত্য ও প্রচার পূর্বক, চিরস্থায়ী নিষেধাজ্ঞার আদেশের প্রার্থনায় ও অন্যান্য অভিষ্ট প্রতিকার প্রার্থনায় অত্র নং মকদ্দমা আনয়ন করিয়াছেন।এক্ষনে ১ নাং ২ নং মূল বিবাদীগন নালিশী সম্পত্তি বিষয়ে নিঃস্বত্ববান দখলহীন Stranger Person হওয়া সত্বেও এক অন্যায় লোভের বশবর্তি হইয়া, তথায় বাদীও তাঁর স্ত্রী বাস্তু বাড়ি নির্মান পূর্বক বসবাস করা স্বত্বেও তাহাদের বাস্তুচ্যুত করার অন্যায় উদ্দেশ্যে, তথায় বাস্তু সংলগ্ন ছেড়ে রাখা ভূমীতে মূল বিবাদীগন গত ইং ০৭.১২.২০২২ তারিখ, বাংলার ২০ শে অগ্রহায়ন ১৪২৯ তারিখ, অন্যায় ভাবে বলপ্রয়োগ পূর্বক বাদীকে বেদখল করার উদ্দেশ্যে কার্য শুরু করিলে বাদী শান্তিপূর্ন ভাবে প্রতিরোধ করিতে গেলে বাদীকে প্রাননাশের হুমকী প্রদান করিতে থাকে।উপরন্তে

বাদীকে চিরতরে বেদখলের কূউদ্দেশ্যে নিম্নের (খ) তপশীল বর্নিত সম্পত্তির কতকাংশ encrouch করিয়া লইবার উদ্দেশ্যে ভীতখনন কার্য শুরু করিতে তাহাদের পক্ষে আরোও অন্যান্য লোকজন সংগ্রহ মতে,ইট বালি সিমেন্ট ইত্যাদি Construction সামগ্রী মজুত মতে, অন্যায় ভাবে গায়ের জোরে বাদীকে জোর পূর্বক বাস্তুচ্যুত করিবেক মর্ম্মে ও বেদখল করিবেক মর্ম্মে জোর রকমের প্রচার ও হুমকীর কার্য চালাইতেছে এবং এক্ষনে বাদী, ১ ও ২ নং মূল বিবাদী কতৃক তথায় যে কোন সময় বেদখল হয়ে পড়ার আশঙ্কায়, ভীত সন্তস্ত্র হইয়া বাদী ঐ ১ ও ২ নং মূল বিবাদীগনের বিরুদ্ধে immediately (ক) অর্ন্তগত নালিশী (খ) তপশীল বর্নিত সম্পত্তি বিষয়ে Temporary Injunction এর আদেশ প্রার্থনায় ও Temporary Injunctionদরখাস্তর শুনানী না হওয়ার কালতক ad-interim injunction এর আদেশের প্রার্থনায় ১ ও ২ নং মূল বিবাদীগুনের বিরুদ্ধে অত্র দরখাস্ত আনয়ন করিতে বাধ্য হইলেন।Devolution of Interest আর্জিতে সবিস্তারে বর্ননা করা হয়েছে।

২) আর্জির বিবরন মতো (ক) তপশীল অর্ন্তগত নালিশী (খ) তপশীল বর্নিত সম্পত্তি বিষয়ে বাদীর strong primafacia Case আছে।(খ) তপশীল বর্নিত সম্পত্তি বিষয়ে তিনি ক্ষরিদের অব্যবহিত পর হইতেই, আজ দীর্ঘ দ্বাদশ বর্ষরও বহু বহু উর্দ্ধকাল যাবৎ খাসে দখলকার আছেন। Balance of Convenience & Balance of inconvenience এর দিক দিয়া বিচার করিলেও যদ্যপি সর্বপ্রকার Balance বাদীর অনুকূলে আছে।বাদী তাঁহার প্রার্থিত প্রতিকার তথা Injunction আদেশ না পাইলে তাঁহার অপূরনীয় ক্ষতি হইয়া যাইবেক যাহা অর্থ দ্বারা Compensatated করা যাইবে না এবং বাদী Highly Prejudiced হইবেন।

৩) এমতে প্রার্থনাঃ-

(ক) অত্র দরখাস্তর উপরের বিবরন ও হেতু মূলে ১ নাগাদ ২ নং মূল বিবাদী বা তাহার পক্ষে অপর কেহ যাহাতে বাদীগনকে (ক) তপশীল অর্ন্তগত নালিশী (খ) তপশীল বর্নিত সম্পত্তি হইতে যাহাতে বেদখল করিতে না পারেন, বা বাস্তুচ্যুত করিতে না

পারেন, বা কোন বেআইনি নির্মান কার্য করিতে না পারেন, বাদীগনের শান্তিপূর্ন দখলে বাধা আপত্তি করিতে না পারেন ও মূল বিবাদী যাহাতে কোন প্রকারেই তথায় কোনরুপ গৃহনির্মান কার্য করিতে না পারেন,সেই মর্ম্মে Temporary Injunction এর আদেশ দিতে মর্জ্জি হউন এবং Temporary Injunction দরখাস্ত শুনানী না হওয়ার কালতক ad-interim injunction এর বিহিত আদেশ দানে মর্জ্জী হয়।

(খ) অত্র দরখাস্ত মূলমকদ্দমার আর্জির একাংশ গন্য করিতে মর্জ্জি হয় এবং Temporary Injunction Hearing কালিন অত্র নং মকদ্দমার আর্জি হুজুর সমীপে এজলাসে আনয়ন হইবার আদেশ দিতে মর্জ্জি হয়।

(গ) Law & Equity মূলে বাদী অপর যে কোন রুপ বৈধ ও নাহ্য প্রতিকার পাইতে পারেন তাহারও আদেশ দানে মর্জ্জি হয়।

## তপশীল সম্পত্তির বিবরনঃ-

**(ক) তপশীল সম্পত্তির বিবরনঃ-** জেলা বাঁকুড়া, অত্র আদালতের এলেকাধীন থানা রাঁনীবাঁধ সামীল, জে.এল.নং ১১১, মৌজা রাজাকাটা, দাগ নং ২৩২২/২৪৬৯, পরিমান ষোল আনা অংশে মোট ১ একর ৮৭ শতক।

**(ক) তপশীল অর্ন্তগত নালিশী (খ) তপশীল সম্পত্তির বিবরনঃ-** জেলা বাঁকুড়া, মহকূমা খাতড়া অত্র আদালতের এলেকাধীন থানা রাঁনীবাঁধ সামীল, জে.এল নং ১১১, মৌজা রাজাকাটা, এল.আর খতিয়ান নং ১৬৮৭, দাগ নং $\frac{2322}{2469}$, (দুই হাজার তিনশত বাইশ দাগের বাটা দুই হাজার চারশত উনোসত্তর, শ্রেনী তড়া বর্তমানে বাস্তু, পরিমান মোট ১ একর ৮৭ শতক তন্মধ্যে $19\frac{1}{2}$ শতক, (উনিশ পূর্ন একের দুই শতক), যাহার চিহ্নিত চৌহদ্দী উত্তরেঃ- ডুংরী, দক্ষিনেঃ- ২৪১৬ দাগের তড়া ভূমী, পুর্বেঃ- বিশ্বনাথ মন্ডলের তড়াভূমী, ও পশ্চিমেঃ- দাতাগনের তড়া ভুমী, অর্থাৎ সুরেশ চৌধুরী ও পরেশ চৌধূরীর তড়া ভূমী।

সত্য পাঠঃ-

দরখাস্তর বিবরন সমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য, কোন কথা মিথ্যা বলি নাই, কোন কথা গোপন করি নাই।

এফিডেবিট

আমি শ্রী অশোক কুমার মন্ডল, পিতা সুধীর চন্দ্র মন্ডল , বয়স ৫৮ বৎসর, পেশা-চাষাদি, জাতি-হিন্দু, সাং- রাজাকাটা পোঃ- রাঁনীবাঁধ, থানা-রাঁনীবাঁধ ,জেলা-বাঁকুড়া।

ধমর্ত প্রতিজ্ঞা পূর্বক কহিতেছি যে অত্র দরখাস্তর লিখিত বিবরন সমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য কোন কথা মিথ্যা বলি নাই,কোন কথা গোপন করি নাই। দরখাস্তর বিবরন সমূহ জ্ঞাত থাকিয়া অদ্য কাছারি মোকামে নিজনাম স্বাক্ষর করিলাম।

ইতি
বিনীত